**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 22-02-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশজুড়ে অঙ্গদান বিষয়ে সচেতনতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। আকাশবানীতে আজ মন কি বাতের ১৩১ তম পর্বে তিনি ডিজিটাল অ্যারেস্ট এবং আর্থিক জালিয়াতি নিয়ে ফের সকলকে সতর্ক করে দেন।

২) তিনি বলেন স্বদেশী পণ্য ক্রয় করলে শক্তিশালী হবে আত্মনির্ভর ভারতের অভিযান।

৩) এসআইআরের কাজে বিচারবিভাগীয় আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ জেলা বিচারকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। এদিকে, কলকাতা ও জেলা স্তরে জুডিশিয়াল অফিসারদের প্রশিক্ষণ ও প্রস্তুতি বৈঠক আজ শুরু হয়েছে।

৪) আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন সহ বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য আগামীকাল উচ্চপর্যায়ের বৈঠকে বসছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

৫) লস্কর ই তৈবা এবং বাংলাদেশের জঙ্গী সংগঠনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে এরাজ্য থেকে দিজনকে গ্রেপ্তার করেছে দিল্লী পুলিশ।

৬) দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় আগামীকাল থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশজুড়ে অঙ্গদান বিষয়ে সচেতনতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। আকাশবানীতে আজ মন কি বাতের ১৩১ তম পর্বে তিনি বলেন, এই

সচেতনতা বৃদ্ধির ফলে যাদের অঙ্গ প্রতিস্থাপনের প্রয়োজন, তারা যেমন উপকৃত হচ্ছেন, তেমনি চিকিৎসা ক্ষেত্রে গবেষণার পরিধিও আরও বিস্তৃত হচ্ছে। এ প্রসঙ্গে তিনি পশ্চিমবঙ্গের গৌরাঙ্গ ব্যানার্জীর কথা উল্লেখ করেন, যিনি ফুসফুস প্রতিস্থাপনের পর দুবার সমুদ্রপৃষ্ঠ থেকে ১৪ হাজার ফুট উঁচু নাথুলা সফর করেছেন।

বাইট

প্রধানমন্ত্রী আজকরে মন কি বাতে ডিজিটাল অ্যারেস্ট এবং আর্থিক জালিয়াতি নিয়ে ফের সকলকে সতর্ক করে দেন। তিনি বলেন, এক্ষেত্রে প্রবীণ নাগরিকদের নিশানা বানিয়ে তাদের সারা জীবনের সঞ্চয় প্রতারকরা লুঠ করে নিচ্ছে। নিজের আধার ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর কিংবা মোবাইল ফোনে আসা ওটিপি কারোর সঙ্গে ভাগ না করার পরামর্শ দেন শ্রী মোদী। তিনি বলেন, শুধুমাত্র ব্যাঙ্কের নির্দিষ্ট শাখা, অনুমোদিত অ্যাপ ও মাধ্যম ব্যবহার করেই কেওয়াইসি করানোর ওপর জোর দিয়ে বলেন, অ্যাকাউন্ট তথ্য সুরক্ষিত রাখতে মাঝেমধ্যেই পাসওয়ার্ডের পরিবর্তন জরুরী।

বাইট

শ্রী মোদী রমজান মাস এবং আসন্ন হোলি উৎসব উপলক্ষে দেশবাসকে শুভেচ্ছা জানিয়েছেন। এই উৎসবের মরশুমে দেশবাসীকে স্বদেশী পণ্য ব্যবহারে আহ্বান জানিয়ে তিনি বলেন, দেশে তৈরি জিনিস ক্রয় করলে শক্তিশালী হবে আত্মনির্ভর ভারতের অভিযান।

বাইট

প্রধানমন্ত্রী বলেছেন, দেশের কৃষকরা শুধুমাত্র অন্নদাতা নন, তারা দেশের মাটির পুজারী। মাটিকে সোনায় রূপান্তরিত করে কৃষকরা বর্তমান সময় ঐতিহ্যের পাশাপাশি প্রযুক্তির ব্যবহারেও দক্ষ হয়ে উঠছেন। শুধুমাত্র উৎপাদন নয়, গুণমান বৃদ্ধি ও নতুন বাজার সৃষ্টিতেও কৃষকরা মনোযোগ দিচ্ছেন।

ভারত আজ বিশ্বের সব থেকে বড় চাল উৎপাদনকারী দেশ। ১৫ কোটি টনের বেশি চাল উৎপাদন করে দেশের অভ্যন্তরীন প্রয়োজনের পাশাপাশি বিশ্ব বাজারের চাহিদা মেটাচ্ছে ভারত।

বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ সকালে উত্তর ২৪ পরগনার খড়দায় পানিহাটি ভিলেজ ব্যাঙ্কোয়েট হলে দলীয় নেতা কর্মীর সঙ্গে প্রধানমন্ত্রীর মন-কি-বাত শোনে।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের বীরুলিয়ায় দলের মহিলা মোর্চা সদস্যদের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৩১-তম মন-কি-বাত অনুষ্ঠান শোনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার হাওড়া গ্রামীণ সাংগঠনিক জেলায় আমতা বিধানসভার নারিট ছোটো বাড়ি এলাকায় দলীয় কার্যকর্তাদের সঙ্গে বসে মন-কি-বাত শোনেন। শ্রী মজুমদার বলেন, কৃষি ক্ষেত্রে উন্নয়ন, ব্যাঙ্ক জালিয়াতি রোক্ষার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ, পরীক্ষার আগে চাপমুক্ত থাকার পন্থা পদ্ধতি – সব কিছুই প্রধানমন্ত্রীর এদিনের মন-কি-বাতে উল্লেখ করেছেন।

------------------------

সুপ্রিম কোর্টের নির্দেশে এসআইআরের কাজে বিচারবিভাগীয় আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ ফের এক দফা জেলা বিচারকদের সঙ্গে  ভার্চুয়াল বৈঠক করেন। কলকাতা হাইকোর্ট থেকে আয়োজিত ভার্চুয়াল এই বৈঠকে জেলা বিচারকরা এসআইআর সংক্রান্ত নথি আদানপ্রদান নিয়ে প্রধান বিচারপতিকে অবহিত করেন। উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের প্রতিনিধিরাও। আগামীকাল ফের ভার্চুয়াল  বৈঠকে বসবেন প্রধান বিচারপতি।

এদিকে, এস আই আর নিয়ে আলোচনায় আজ দুপুরে মুর্শিদাবাদের বহরমপুর সার্কিট হাউসে জেলার বিচারকরা প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে জরুরী বৈঠক করেন। বৈঠকে জেলার এগারো জন বিচারক, জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক ও দুই পুলিশ সুপার সহ ২৬ টি ব্লকের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

-------------------------

অন্যদিকে, এসআইআর-এর কাজে সহযোগিতার জন্য বিচারবিভাগীয় আধিকারিকদের প্রস্তুত করতে নির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। এর অঙ্গ হিসাবে কলকাতা ও বিভিন্ন জেলায় আজ থেকেই শুরু হয়েছে প্রশিক্ষণ ও প্রস্তুতি বৈঠক। কলকাতা উত্তরের দায়িত্বপ্রাপ্ত জুডিশিয়াল অফিসারদের সঙ্গে আজ প্রস্তুতি বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের প্রতিনিধিরা। জেসপ বিল্ডিংয়ে প্রায় দু'ঘণ্টা ধরে চলা ওই বৈঠকে মূলত লজিক্যাল ডিস্ক্রিপেন্সি সংক্রান্ত বকেয়া কাজ, কত সংখ্যক নথির স্ক্রুটিনি এখনও বাকি এবং সেই প্রক্রিয়া কীভাবে সম্পন্ন হবে—সেই বিষয়গুলি নিয়েই বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন কমিশনের বিশেষ রোল অবজার্ভাররাও। বৈঠকের পর জেসপ ভবনে প্রশিক্ষণ পর্বও অনুষ্ঠিত হয়।

-------------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে আগামীকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক ডাকা হয়েছে। বৈঠকে উপস্থিত থাকবেন বিশেষ পর্যবেক্ষক এন কে মিশ্র, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সহ দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকরা। রাজ্য পুলিশের ডিজি, কলকাতা পুলিশ কমিশনার, রাজ্য পুলিশ নোডাল অফিসার, কেন্দ্রীয় বাহিনী নোডাল অফিসারও বৈঠকে যোগ দেবেন বলে খবর।

কেন্দ্রীয় বাহিনীর আগমন, রুট মার্চ, সংবেদনশীল বুথ চিহ্নিতকরণ এবং বাহিনীর লজিস্টিক ব্যবস্থা—এসব বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা।

উল্লেখ্য, বিধানসভা ভোট ঘোষণার আগেই রাজ্যে দু'দফায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করছে নির্বাচন কমিশন। আগামী ১লা মার্চ এর মধ্যে প্রথমে ২৪০ কোম্পানি বাহিনী রাজ্যে আসবে। দ্বিতীয় দফায় ১০ মার্চের মধ্যে পৌঁছবে আরও ২৪০ কোম্পানি।

------------------------

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

------------------------

লস্কর ই তৈবা ও বাংলাদেশের জঙ্গি দলের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ু থেকে মোট ৮ জনকে গ্রেপ্তার করেছে দিল্লি পুলিশ। সামাজিক মাধ্যমে পোস্টের সূত্র ধরেই তাঁদের পাকড়াও করা হয়। এরা পাকিস্তানের জঙ্গী গোষ্ঠীর হয়ে প্রচার চালাতো বলে অভিযোগ। এরাজ্য থেকে ধৃত দুজনের মধ্যে একজন বাংলাদেশী। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে জাল আধার কার্ড, মোবাইল ফোন ও একাধিক সিম কার্ড। তদন্তকারীদের দাবি, জঙ্গি হামলার পরিকল্পনা চালাচ্ছিল তারা। ধৃতদের ট্রানজিট রিমান্ডে দিল্লি নিয়ে যাওয়া হবে।

------------------------

উত্তর ২৪ পরগনার মিনাখাঁর বাবুরহাট বাজারে দলীয় পতাকা লাগানোকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও আইএসএফ কর্মীদের মধ্যে সংঘর্ষে দুপক্ষের সাতজন আহত হয়েছেন। তাদের মিনাখাঁ গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আজ সকালে দলীয় পতাকা লাগানোর সময় আইএসএফ কর্মীদের ওপর তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা অতর্কিতে হামলা চালায় বলে অভিযোগ। এরপরই বাঁশ, লাঠি, লোহার রাড নিয়ে একে অপরের ওপর চড়াও হয়। বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। যদিও হামলার অভিযোগ অস্বীকার করেছে শাসকদল।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের পোলেরহাটে ক্যানিং পূর্বের তৃণমূল কংগ্রেস বিধায়ক সৌকত মোল্লার গাড়ি লক্ষ্য করে বোমাবাজির অভিযোগ উঠেছে আইএসএফ আশ্রিত দৃষ্কৃতীদের বিরুদ্ধে। গতসন্ধ্যায় দলের বৈঠক চলাকালীন এলাকার বিদ্যুত্ সংযোগ বিচ্ছিন্ন করে তৃণমূল কংগ্রেস নেতা খইরুল ইসলাম সহ কয়েকজনকে মারধরের অভিযোগ ওঠে। খইরুলকে হাসপাতালে দেখে বাড়ি ফেরার পথে সওকতের গাড়ি লক্ষ্য করে বোমা ছোঁড়া হয় বলে অভিযোগ। ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে দুটি তাজা বোমা। এলাকায় চলছে পুলিশি টহলদারি।

এদিকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বিজেপি নেতা সুকান্ত মজুমদার বলেছেন, ভাঙরের যা পরিস্থিতি তাতে অবিলম্বে সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা প্রয়োজন।

বাইট

-------------------------

নারীদের সুরক্ষার জন্য বাংলায় বিজেপি সরকার গড়ে তোলা প্রয়োজন বলে দলের নেত্রী ও কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী দাবী করেছেন। কলকাতায় আজ বিজেপির মহিলা সম্মেলনে তিনি অভিযোগ করেন,যে বাংলা একসময় সারা দেশকে পথ দেখাতো সেই বাংলায় আজ নারী সুরক্ষার বিষয়টি প্রশ্ন চিহ্নের মুখে। মহিলাদের উপর নির্যাতনের

ঘটনায় কেন্দ্রীয় সরকার ফাস্ট ট্রাক স্পেশাল আদালত চালু করার অনুমোদন দিলেও রাজ্য সরকার তা চালু করেনি।

সম্মেলনে উপস্থিত দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা রাজ্যে বিজেপি সরকার গড়ে তুলতে মহিলাদের এগিয়ে আসার আহ্বান জানান। আরজিকর,দুর্গাপুর সহ বিভিন্ন ঘটনার উল্লেখ করে শ্রীমতি গুপ্তা জানান, মুখ্যমন্ত্রী অপরাধীদের শাস্তি দেওয়ার পরিবর্তে নির্যাতিতাকে অসম্মান করেন।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী,মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ফাল্গুনী পাত্রসহ বিশিষ্ট ব্যক্তিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শ্রীমতি গুপ্তা এর আগে কালীঘাটে গিয়ে মন্দির দর্শন করেন এবং পুজো দেন।

------------------------

বন্দেমাতরম যাত্রার অঙ্গ হিসেবে আজ কলকাতার একটি অনাথ আশ্রমের আবাসিকদের সঙ্গে সাক্ষাৎ করেন তাদের হাতে উপহার সামগ্রী তুলে দেন রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস। দ্য রেফিউজ নামে ওই অনাথ আশ্রমের ১২৫ বছরে পূর্তি উদযাপন চলছে। এখানকার আবাসিক কচিকাঁচাদের পড়াশোনার উন্নতির জন্য প্রত্যেককে আলাদাভাবে আর্থিক সাহায্য করবেন বলে রাজ্যপাল জানান। তিনি বলেন, সকলকে ঐক্যবদ্ধ হতে হবে। একতাই সফলতা আনতে পারে।

------------------------

বায়ু প্রবাহের গতিপথ পরিবর্তনের ফলে বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে এবং দক্ষিণের আর্দ্র ও উত্তর পশ্চিমের শুষ্ক হাওয়ার সংঘর্ষে রাজ্যে মেঘলা আবহাওয়া এবং বৃষ্টির পরিবেশ তৈরি হয়েছে। আগামীকাল থেকেই দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। মঙ্গলবার কলকাতা সহ দক্ষিণবঙ্গের বহু জেলাতেই বৃষ্টির সম্ভাবনার থাকলেও তাপমাত্রার বিশেষ কোনো পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

------------------------- -------------------------